

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৪-

৫৬৬

তারিখঃ ০৬.০৭.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ মিজানুর রহমান (৪২৭২১), জুনিয়র কনসালটেন্ট (অর্থো-সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গফরগাঁও, ময়মনসিংহ (প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভালুকা, ময়মনসিংহ) এর বিরুদ্ধে ২২.০৯.২০১৩ থেকে ২৬.০৯.২০১৩ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে ২৫.০৫.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৪-৩০৪নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৩০.০৬.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, গত ২১.০৯.২০১৩ইং তারিখ অফিস হতে ফেরার পর তিনি জুরে আক্রান্ত হন। পরবর্তীতে ০৫(পাঁচ) দিন কর্মস্থলে উপস্থিত হতে না পারায় কর্তৃপক্ষকে টেলিফোনে অবহিত করেন। ব্যক্তিগতভাবে স্ব-শরীরে উপস্থিত হতে না পারার কারণে তিনি লিখিত দরখাস্ত পৌছাতে পারেননি। অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি ক্ষমা প্রার্থী;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ মিজানুর রহমান (৪২৭২১), জুনিয়র কনসালটেন্ট (অর্থো-সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গফরগাঁও, ময়মনসিংহ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৪-

৫৬৬/২(২)

তারিখঃ ০৬.০৭.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিভিল সার্জন, ময়মনসিংহ
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গফরগাঁও, ময়মনসিংহ
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ মোঃ মিজানুর রহমান (৪২৭২১), জুনিয়র কনসালটেন্ট (অর্থো-সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গফরগাঁও, ময়মনসিংহ

  
(মাহফুজা আকতার)  
সিনিয়র সহকারী সচিব -  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০১.২০১৩- ৫৬৫

তারিখঃ ০৩.১৪২১ বঙ্গাব্দ  
০৮.০৭.২০১৪ খ্রিষ্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ লিটন মল্লিক (১১৩৫৪৩), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দীঘিনালা, খাগড়াছড়ি All india Institute of Medical Science, New Delhi India-তে কোর্স করার জন্য গত ২৪.০৮.২০০৬ তারিখে ০৩(তিন) বছরের বহিঃ বাংলাদেশ ছুটির আবেদন করে ছুটি মঞ্জুর না করেই কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ভারতে গমন করেন। ২০১২ সালে তিনি দেশে প্রত্যাবর্তন করে ২৮.১১.২০১২ তারিখে কর্মস্থলে যোগদানের অনুমতি প্রার্থনা করে মন্ত্রণালয়ে আবেদন করেন;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি আপনা আপনি অবসান ঘটেছে ;


যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন ;

এক্ষণে সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ লিটন মল্লিক (১১৩৫৪৩), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দীঘিনালা, খাগড়াছড়ি এর চাকুরি অবসান (Ceased) করা হল। এ আদেশ ডাঃ লিটন মল্লিক (১১৩৫৪৩) এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন ২৫.০৮.২০১১ তারিখ হতে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
  
০৩.১৪.১৪.  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০১.২০১৩- ৫৬৫/১৩(২)

তারিখঃ ০৩.১৪২১ বঙ্গাব্দ  
০৮.০৭.২০১৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। উপ-সচিব (পার-২/পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। সিভিল সার্জন, খাগড়াছড়ি
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ লিটন মল্লিক (১১৩৫৪৩), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দীঘিনালা, খাগড়াছড়ি (স্থায়ী ঠিকানাঃ-গ্রাম-ধাউরডাঙ্গা, ডাকঘর-অলিরহাট, থানা-পটিয়া, জেলা-চট্টগ্রাম, যোগাযোগ ঠিকানাঃ- ৬২, ২য় গলি, নন্দন কানন, কতোয়ালী, চট্টগ্রাম-৪০০০)

  
(মাহফুজা আকতার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৮.২০১২-৬৬৬৬

তারিখঃ ০৩.১৪২১ বঙ্গাব্দ  
০২.০৭.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ গুল নেওয়াজ বেগম (৩৪৯০৪), প্রাক্তন লেকচারার, এনাটমি বিভাগ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে ১৫.০৫.২০১২ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৮.২০১২-৪৭০নং স্মারকে বিভাগীয় মামলা বন্ধু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;


যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষেপে সেহেতু সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ গুল নেওয়াজ বেগম (৩৪৯০৪), প্রাক্তন লেকচারার, এনাটমি বিভাগ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকাকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০২.১১.২০০৮ ইং থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
  
০২.০৭.১৪  
(এম. এম. মিয়াজউদ্দিন)  
সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৮.২০১২-৬৬৬৬/১৩৩

তারিখঃ ০২.০৭.২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্বামী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র সহকারী সচিব (পার-৫ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। ডাঃ গুল নেওয়াজ বেগম (৩৪৯০৪), প্রাক্তন লেকচারার, এনাটমি বিভাগ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা (যোগাযোগ ঠিকানাঃ- বাসা-৮৮, রোডনং-১৩/এ, ব্লক-সি, বনানী, ঢাকা-১২১৩)

  
(মাহফুজা আকতার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫  
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৯.২০১৩- ৫৪৬

তারিখঃ ০৭.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ অর্কিড বড়ুয়া (১২৬০৫৩), মেডিকেল অফিসার, সরফভাটা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, রাংগুনিয়া, চট্টগ্রাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ১২.০১.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৯.২০১৩-২৫নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষেপে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব


ডাঃ অর্কিড বড়ুয়া (১২৬০৫৩)  
মেডিকেল অফিসার  
সরফভাটা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র  
রাংগুনিয়া, চট্টগ্রাম  
(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-বীশখালী, ডাকঘর-জলদি, উপজেলা-রাঙ্গুনিয়া, চট্টগ্রাম)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৯.২০১৩- ৫৪৬/১(৪)

তারিখঃ ০৭.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। সিভিল সার্জন, চট্টগ্রাম (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

  
(মহিফুজা আকতার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫  
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা

[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৮.২০১৪- ৫৪৫

তারিখঃ ০৭.০৭.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ মোহাম্মদ রাজীব মাহমুদ (১১৪১৭৬), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবপুর, নরসিংদী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিমাতে 'অসদাচরণ' এর দায়ে ২৮.০৫.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৮.২০১৪-৪১৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৯.০৬.২০১৪ তারিখে তীর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অধীনে অনুষ্ঠিত এমএস (অর্থো-সার্জারী) ২য় পর্ব পরীক্ষা হওয়ার কারণে তিনি গত ২৩.০১.২০১৪ হতে ২৯.০১.২০১৪ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটির আবেদন করেছিলেন। কিন্তু দেশব্যাপী হাম বুবেলা ক্যামপেইন এর কারণে তার ছুটি মঞ্জুর করা হয়নি। তদুপরি লিখিত পরীক্ষার পূর্বে প্রস্তুতি মূলক ক্লাসে যোগদানের কারণে ও লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের নিমিত্ত এবং পরীক্ষা দেবার পর অসুস্থতাহেতু গত ২৩.০১.২০১৪ইং তারিখ হতে ৩০.০১.২০১৪ইং তারিখ পর্যন্ত মোট ০৭ দিন কর্মস্থলে উপস্থিত হতে পারেননি। তবে ০১.০২.২০১৪ তারিখ হতে কর্মস্থলে নিয়মিতভাবে যাতায়াত শুরু করেছেন;

এক্ষেণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ রাজীব মাহমুদ (১১৪১৭৬), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবপুর, নরসিংদী এর বিরুদ্ধে অসদাচরণ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তীর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমাতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৮.২০১৪- ৫৪৫/১২২

তারিখঃ ০৭.০৭.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিভিল সার্জন, নরসিংদী
- ৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবপুর, নরসিংদী
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ মোহাম্মদ রাজীব মাহমুদ (১১৪১৭৬), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবপুর, নরসিংদী

  
(মাইফুজা আকতার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৮.২০১৪-

৫৪৬

তারিখঃ ০৭.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ আশফাক নবী (১০৯৮১৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবপুর, নরসিংদী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিমেতে 'অসদাচরণ' এর দায়ে ২৮.০৫.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৯.২০১৪-৪২০নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৯.০৬.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অধীনে অনুষ্ঠিত এমএস (অর্থো-সার্জারী) ২য় পর্ব পরীক্ষা হওয়ার কারণে তিনি গত ২৩.০১.২০১৪ হতে ২৯.০১.২০১৪ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটির আবেদন করেছিলেন। কিন্তু দেশব্যাপী হাম বুবেলা ক্যামপেইন এর কারণে তার ছুটি মঞ্জুর করা হয়নি। তদুপরি লিখিত পরীক্ষার পূর্বে প্রস্তুতি মূলক ক্লাসে যোগদানের কারণে ও লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের নিমিত্ত এবং পরীক্ষা দেবার পর অসুস্থতাহেতু গত ২৩.০১.২০১৪ইং তারিখ হতে ৩০.০১.২০১৪ইং তারিখ পর্যন্ত মোট ০৭ দিন কর্মস্থলে উপস্থিত হতে পারেননি। তবে ০১.০২.২০১৪ তারিখ হতে কর্মস্থলে নিয়মিতভাবে যাতায়াত শুরু করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ আশফাক নবী (১০৯৮১৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবপুর, নরসিংদী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমেতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৯.২০১৪-

৫৪৭/১(১)

তারিখঃ ০৭.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিভিল সার্জন, নরসিংদী
- ৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবপুর, নরসিংদী
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ আশফাক নবী (১০৯৮১৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবপুর, নরসিংদী

  
(মাহকুজা আকতার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd